তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ৩১৮ কলাম ২

সংবাদ

# অধ্যাপক হলেন ৩৮১ জন

নিজস্ব বার্তা পরিবেশক

অধ্যাপক হিসেবে পদোন্নতি পেয়েছেন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৩৮১ জন সহযোগী অধ্যাপক।

শিক্ষা মন্ত্রণালয় থেকে রোববার পদোন্নতির আদেশ জারি করা হয়।

পদোন্নতিপ্রাপ্তদের নতুন কর্মস্থলে পদায়ন করে আদেশে বলা হয়েছে, পদায়নকৃত কর্মস্থলে শূন্যপদ না থাকলেও সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ পদায়নকৃত কর্মকর্তাকে যোগদান করিয়ে বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করবেন।

পদাধিকার বলে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের বিভাগীয় পদোন্নতি কমিটির সভাপতি শিক্ষা সচিব সোহরাব হোসাইন। গত ২৭ সেপ্টেম্বর সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ৩৮১ জন সরকারি কলেজের শিক্ষককে পদোন্নতি দেয়ার সিদ্ধান্ত হয়।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, গত মাসে ১১২টি সরকারি কলেজের উপাধ্যক্ষের পদ আপগ্রেড করা হয়। এর আগে এসব কলেজে উপাধ্যক্ষের পদে সহযোগী অধ্যাপক পদায়ন পেতেন। কিন্তু আপগ্রেড করার পর অধ্যাপকরা পদায়ন পাচ্ছেন।